খাতওয়ারী জানুয়ারি ২০২০ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড

১। **সর্বমোট অর্জন**। বাংলাদেশ কোস্ট গার্ড জানুয়ারি ২০২০ মাসে **সর্বমোট ২৫৬ কোটি ৯৫ লক্ষ ৮৫ হাজার ৭০০ টাকা** মূল্যের অবৈধ মালামাল আটক করে।

২। **চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য**। জানুয়ারি ২০২০ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে **সর্বমোট ৪১ কোটি ৩৯ লক্ষ ২৮ হাজার টাকার** অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
চোরাচালান পণ্য			
১।	ওয়্যার রোপ	৬০০ লিটার	১২,০০,০০০/০০
২।	ডিজেল	৩০০ লিটার	৯,০০০/০০
৩।	চেইন ক্যাবল	০৩ টি	৬,০০০/০০
৪।	পাইপ	০১ টি	১,৫০০/০০
৫।	গম	১,০০০ কেজি	২৫,০০০/০০
৬।	শাড়ি	২২,৬৮৩ পিস	২২,৬৮,৩০,০০০/০০
৭।	থ্রি পিস/লেহেঙ্গা/ শাল	৭,৪৪০ পিস	৬,৭০,৩৭,৫০০/০০
৮।	বিভিন্ন প্রকার প্রসাধনী/ড্রাই মিল্ক/হাতঘড়ি/রেডিও	২২ পিস	১৫,২০০/০০
৯।	কাঁকড়া	৭৭০ কেজি	৫,৮১,০০০/০০
১০।	সামুদ্রিক মাছ	৪০০ কেজি	-
১১।	হাঙ্গার মাছ	১,০০০ কেজি	২৫,০০,০০০/০০
১২।	জেলি পুশকৃত চিংড়ি	৫০০ কেজি	৭,৫০,০০০/০০
১৩।	চারু	১,০১৫ পিস	২,০৩,০০০/০০
১৪।	হরিণ ধরার ফাঁদ/মোবাইল	৫৩ টি	-
১৫।	বোট/ট্রাক/অটোবাইক	১১ টি	৭১,৫০,০০০/০০
অস্ত্র উদ্ধার			
১।	অস্ত্র	০৩ টি	-
২।	তাজা গোলা	০৪ রাউন্ডস্	-
৩।	রামদা/ছুরি	১৬টি	-
মৎস্য সম্পদ			
১।	কারেন্ট জাল	৫,৮৭,৫৮,৫০০ মিটার	১৪৫,৪২,৯৭,৫০০/০০
২।	বেহুন্দি/মশারি জাল	১,৫৫৩ পিস	৭,৭৫,৫০,০০০/০০
৩।	অন্যান্য জাল	৪৬,০৮,৫১০ মিটার	৪৫,৮৩,২৫,২০০/০০
৪।	জাটকা	৩৯,৩৪০ কেজি	১৩,৪১,৪০০০/০০
৫।	রেনু পোনা	৫,৭৫,১০,৫০০ পিস	১১,৫০,২১,০০০/০০
৬।	বোট	৩৭ টি	৩,৭০,৫০,০০০/০০
মাদকদ্রব্য			
১।	ইয়াবা	৩,০২,০৫১ পিস	৯,০৬,২৮,১০০/০০
২।	বিভিন্ন ধরনের মদ	১,০৭৩ বোতল/ক্যান	৯,০৩,৫০০/০০
৩।	সিএনজি/ট্রলার	০৩ টি	২,১০,০০,০০০/০০
৪।	মোবাইল	০১ টি	২৮,০০০/০০
৫।	নগদ টাকা	-	৪০,২০০/০০
পরিবেশে রক্ষা			
১।	হরিণের মাংস	৫০ কেজি	-
২।	হরিণের চামড়া	০৩ টি	-
৩।	হরিণের মাথা	০১ টি	-
আটককৃত জনবল			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	৫০ জন	-
উদ্ধার অভিযান			
১।	মৃতদেহ উদ্ধার	০১ টি	

২।	অপহৃত জেলে উদ্ধার	২৩ জন	
৩।	বোট উদ্ধার	০১ টি	
		সর্বমোট	**২৫৬,৯৫,৮৫,৭০০/০০**

৩। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান**। মৎস্য সম্পদ রক্ষা অভিযানে জানুয়ারি ২০২০ মাসে **সর্বমোট ২১৫ কোটি ৫৬ লক্ষ ৫৭ হাজার ৭০০ টাকার** ৫,৮৭,৫৮,৫০০ মিটার কারেন্ট জাল, ৪৬,০৮,৫১০ মিটার অন্যান্য জাল, ১,৫৫৩ পিস বেহুন্দি/মশারি জাল, ৩৯,৩৪০ কেজি জাটকা, ৫,৭৫,১০,৫০০ পিস রেনু পোনা ও ৩৭ টি বোট আটক করা হয়।

৪। **ডাকাত বিরোধী বিশেষ অভিযান**।

ক। গত ০৯ জানুয়ারি ২০২০ তারিখ গোপন সংবাদের ভিত্তিতে বিসিজি স্টেশান হাতিয়া কর্তৃক নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার সুখচর ইউনিয়নের মৌলভীর চর ও প্রকাশ খানিয়ার চর এলাকায় ডাকাত বাহিনীর বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে দুই জন ডাকাত, ০১টি একনলা বন্দুক, ০১টি রিভালবার, ০৪ রাউন্ডস তাজা গোলা ও ০৪টি রামদা উদ্ধার করা হয়। পরবর্তীতে আটককৃত ডাকাত ও উদ্ধারকৃত রামদা হাতিয়া থানায় হস্তান্তর করা হয়।

খ। গত ১২ জানুয়ারি ২০২০ তারিখ গোপন সংবাদের ভিত্তিতে বিসিজি বেইস ভোলা কর্তৃক ভোলা সদর উপজেলার ০১ নং রাজাপুর ইউনিয়নের বংগের চর এলাকায় ডাকাত বাহিনীর বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে দুই জন ডাকাত ও ০৯টি রামদা উদ্ধার করা হয়। পরবর্তীতে আটককৃত ডাকাত ও উদ্ধারকৃত মালামাল ভোলা সদর থানায় হস্তান্তর করা হয়।

৫। **উদ্ধার অভিযান**।

ক। গত ২১ জানুয়ারি ২০২০ তারিখে মিয়ানমারের নৌবাহিনী জাহাজ ‘ইন-লে’ মায়ো দ্বীপের অদূরে ভাসমান অবস্থায় বাংলাদেশী ফিশিং বোট ‘এফবি বাকলিয়া-১’ এবং ‘এফবি জিন্দাপীর’ দেখতে পেয়ে আটক করে রাখাইন প্রদেশের দ্বীপ ‘ÕTAN KHOEÖ নিয়ে যায়। এ সময় এফবি বাকলিয়া-১ তে ১৯ এবং এফবি জিন্দাপীরে ১৩ জন বাংলাদেশী জেলে উপস্থিত ছিলো। মিয়ানমার নৌবাহিনী বোটটিতে তল্লাশী করতঃ ইঞ্জিন এবং বৈদ্যুতিক সরঞ্জামাদি বিকলের সত্যতা পায় এবং জিজ্ঞাসাবাদের মাধ্যমে সকল জেলেরা বাংলাদেশী নাগরিক ও তারা ১৬ জানুয়ারি ২০২০ মৎস্য আহরণের জন্য সমুদ্রে গমন করে বলে জানতে পারে। মিয়ানমারের রাখাইন প্রদেশের সীমান্ত সুরক্ষা ও নিরাপত্তা মন্ত্রী সিতওয়েতে অবস্থিত বাংলাদেশ কনস্যুলেট-এ বিষয়টি অবগত করেন। বাংলাদেশ কনস্যুলেটের হেড অব মিশন উক্ত দিনেই বাংলাদেশী ফিশিং বোটদ্বয়ে গমন করতঃ জেলেদের সাক্ষাৎকার গ্রহণ, নাগরিকত্বের সঠিকতা যাচাই করে বোটের মালিক ও বাংলাদেশ কোস্ট গার্ড এর সাথে যোগাযোগ করে ই-মেইলের মাধ্যমে সকলকে প্রত্যাবাসনের বিষয়ে অবহিত করেন। কোস্ট গার্ড সদর দপ্তর হতে ই-মেইলের মাধ্যমে বাংলাদেশ মিয়ানমার আর্ন্তজাতিক সমুদ্রসীমার শূন্যরেখায় (অক্ষাংশ ২০০৩৬.৬’ উত্তর এবং দ্রাঘিমাংশ ৯২০২২.৯’ দক্ষিণ) ক্রু-সহ বোট দুটি বাংলাদেশ ‘কোস্ট গার্ড জাহাজ বিসিজিএস সৈয়দ নজরুল’-এর নিকট হস্তান্তর করে। পরবর্তীতে ফেরতকৃত ৩২ জন জেলেসহ বোট দুটি সেন্ট মার্টিন্স দ্বীপে মালিক পক্ষের উপস্থিতিতে পুলিশের নিকট হস্তান্তর করা হয়।

খ। গত ২১ জানুয়ারি ২০২০ তারিখে বিসিজিএস পাবনার টহল দল নিয়মিত টহল প্রদানের সময় বরিশাল লঞ্চ ঘাটের নিকট হতে ০১টি মৃতদেহ উদ্ধার করে। পরবর্তীতে মৃতদেহ বরিশাল নৌ পুলিশের নিকট হস্তান্তর করা হয়।

৬। **অপহৃত জেলে উদ্ধার**।

ক। গত ১২ জানুয়ারি ২০২০ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়, একদল ডাকাত মেঘনা নদীতে মাছ ধরার সময় দুই জন জেলেকে অপহরণ করে। উক্ত সংবাদের ভিত্তিতে ভোলা সদর থানার পূর্ব ইলিশা ইউনিয়নের জংশন বাজার এলাকায় ডাকাত বাহিনীর বিরুদ্ধে অভিযান পরিচালনা করে মোঃ শাহজাহান ইসলাম ওরফে সাজু ডাকাতকে আটক করা হয় এবং তার দেওয়া তথ্য মতে ভোলা থানাধীন ভোলার চর নামক স্থানে পরিত্যাক্ত একটি ঘর থেকে হাত-পা বাধা অবস্থায় অপহৃত জেলেদের উদ্ধার করা হয়। পরবর্তীতে উদ্ধারকৃত জেলেদেরকে পরিবারের নিকট এবং আটককৃত ডাকাতকে ভোলা সদর মডেল থানায় হস্তান্তর করা হয়।

খ। গত ২৬ জানুয়ারি ২০২০ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়, কয়রা থানাধীন হায়াতখালী বাইশা খাল এলাকায় ডাকাত দল কিছু জেলে জিম্মি করে রেখেছে। উক্ত সংবাদের ভিত্তিতে বিসিজি বেইস মংলা ও বিসিজি স্টেশান কয়রার সমন্বয়ে অভিযান পরিচালনা করা হয়। ডাকাত দল কোস্ট গার্ড এর উপস্থিতি টের পেয়ে জিম্মিকৃত জেলেদের ও তাদের ব্যবহৃত বোটটি রেখে সুন্দরবনের ভিতর পালিয়ে যায় এবং উক্ত স্থান হতে ০৪ জন অপহৃত জেলে, ০১ টি কাঠের বোট, ০৩ টি মোবাইল, ০২ টি কুড়াল ও ০১ টি দা উদ্ধার করা হয়। উদ্ধারকৃত জেলে এবং আটককৃত মালামাল কয়রা থানায় হস্তান্তর করা হয়।

গ। গত ৩১ জানুয়ারি ২০২০৯ তারিখে পুলিশের জরুরি সেবা ‘৯৯৯’ এর মাধ্যমে জানা যায় কক্সবাজার এর নিকটবর্তী এলিফ্যান্ট পয়েন্ট এর অদূরে বিকল হয়ে সমুদ্রে ভাসমান ‘এফবি বরুজান বিবি-১’ বোটে ডাকাত আক্রমন করেছে। তৎক্ষনাত বিসিজি স্টেশান কক্সবাজার কর্তৃক অভিযান পরিচালনা করা হয়। কোস্ট গার্ডের উপস্থিতি টের পেয়ে ডাকাতদল পালিয়ে যায়। উক্ত এলাকা হতে একটি বোট ও ১৭ জন ক্রু উদ্ধার করা হয়। পরবর্তীতে উদ্ধারকৃত বোট ও ক্রুদের স্থানীয় পুলিশের উপস্থিতিতে মালিকপক্ষের নিকট হস্তান্তর করা হয়।